দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JUN 1991 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৬ ...

6

234

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অচল করিয়া দেওয়ার ষড়যন্ত্র হইতেছে

(চট্টগ্রাম অফিস)

একটি ছাত্র সংগঠনের কর্মীদের দ্বারা বৃহস্পতিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সিণ্ডিকেটের নির্ধারিত সভা পণ্ড, ভিসির অফিস কক্ষে বিদ্যুৎ, টেলিফোন ও পানি সরবরাহ বিচ্ছিন্ন করিয়া ভিসিকে ৮ ঘন্টা তালাবদ্ধ রাখা এবং কতিপয় সিণ্ডিকেট সদস্যের প্রতি অশোভন আচরণের প্রতিবাদে গতকাল (শুক্রবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকদের এক সভা শহরস্থ বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন অধ্যাপক ফজলী হোসেন। সভায় একটি ছাত্র সংগঠনের হঠকারী কর্মসূচীর নিন্দা জানাইয়া বলা হয়, সংগঠনটি কতিপয় শিক্ষকের সমর্থনে বিশ্ববিদ্যালয়কে সম্পূর্ণরূপে অচল করিয়া দেওয়ার ষড়যন্ত্র করিতেছে। সভায় বৃহস্পতিবারের ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবী জানাইয়া বলা হয়, বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখার স্বার্থে মেয়াদ উত্তীর্ণ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির অনভিপ্রেত কর্মসূচী গ্রহণ হইতে বিরত থাকা উচিত। সভায় বক্তব্য রাখেন প্রফেসর আলী ইমদাদ খান, ইনামুল হক, হামিদা বানু প্রমুখ।